'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2024

## DSE-P3-BENGALI (3A/3B)

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-3A and DSE-3B.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-3A

### পত্রসাহিত্য ও আত্মজীবনী

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'ছিন্নপত্র'র ৪নং পত্রটির রচনার তারিখ লেখো। পত্রটি কাকে লেখা ? পত্রে উল্লিখিত দু'টি রচনার নাম লেখো।

(খ) "এই বইখানি আমার নিজহস্তের লেখা।" – বক্তা কে ? এখানে কোন বইয়ের কথা বলা হয়েছে ? সেটি রচনার সময় লেখকের বয়স কত ছিল ?

(গ) ইন্দিরা দেবীকে রবীন্দ্রনাথ কী নামে ডাকতেন ? রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর সম্পর্ক কী ছিল ?

(ঘ) "তাঁহার সেই কোল যেন আমার মায়ের কোলের মতো বোধ হইতে লাগিল।" – উক্তিটি কে, কাকে বলেছেন ? প্রসঙ্গটি উল্লেখ করো।

(ঙ) 'আপন কথা' গ্রন্থটি কবে, কোথা থেকে প্রকাশিত হয় ? গ্রন্থটি ক'টি অধ্যায়ে বিভক্ত ?

(চ) "একটা অসমাপিকা ক্রিয়ার মতো এই হাতেখড়ি ব্যাপারটি।" – উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে ? এরকম মন্তব্যের কারণ কী ?

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'আপন কথা' গ্রন্থে 'এ আমল সে আমল'-এর সংক্ষিপ্ত বিবরণ দাও।

(খ) 'ছিন্নপত্র'র ১০৭নং পত্রের মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

(গ) "আমার লেখাপড়া বড়ো সহজ কষ্টে হয় নাই।" – কার লেখাপড়ার কথা বলা হয়েছে ? তাঁর লেখাপড়া শেখার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) 'ছিন্নপত্র'র যে কোনো একটি পত্র অবলম্বনে কবির নিসর্গপ্রীতির পরিচয় দাও।

(ঙ) 'আপন কথা' গ্রন্থটি কোন শ্রেণির রচনা সংক্ষেপে লেখো।

(চ) "শৈশবে উনি অতিশয় ভীরু ছিলেন।" – কার কথা বলা হয়েছে ? তাঁর ভীরু স্বভাবের পরিচয় দাও। তাঁর সেই ভয় কীভাবে কেটেছিল ?

Maynaguri College Library

৩। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'আমার জীবন' গ্রন্থে সমকালীন সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দাও।

(খ) 'ছিন্নপত্র'র বেশ কিছু পত্রে রবীন্দ্রনাথের কয়েকটি ছোটোগল্পের বীজ নিহিত রয়েছে। – আলোচনা করো।

(গ) 'আপন কথা' গ্রন্থের ভাষারীতির পরিচয় দাও।

(ঘ) 'ছিন্নপত্র' গ্রন্থে রবীন্দ্রনাথের হাস্যরসের যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো।

অথবা

## DSE-3B

## স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) সুবর্ণলতার কত বছর বয়সে বিয়ে হয়েছিল ? তার বিয়ের সিদ্ধান্ত কে নিয়েছিলেন ? সুবর্ণলতার শাশুড়ির নাম কী ছিল ?

(খ) "এ আমার শ্রদ্ধাঞ্জলি, একটি প্রেমের প্রতি" – এটি কোন গল্পের অংশ ? বক্তা কে ? এখানে কাদের প্রেমের কথা বলা হয়েছে ?

(গ) 'সওদাগরের নৌকা' নাটকটি কোন পত্রিকায়, কবে প্রকাশিত হয় ? নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল ?

(ঘ) সুবর্ণলতার ননদদের মধ্যে কার শ্বশুরবাড়ি গ্রামে ছিল ? সুবর্ণলতা সেখানে গিয়ে কিছুদিন ছিল কেন ? সেই ননদের স্বামীর নাম লেখো।

(ঙ) প্রসন্নর ছেলের নাম কী ? সে কোথায় কাজ করতো ? সে কাকে পাগলা গারদে ভর্তি করেছিল ?

(চ) 'বৈয়াকরণ' শব্দের অর্থ কী ? এই গল্পে উল্লিখিত দু'জন শিক্ষকের নাম লেখো।

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'সুবর্ণলতা' উপন্যাসে অম্বিকা চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে বুঝিয়ে দাও।

(খ) 'পত্রলেখার বাবা' গল্পের নায়ক নিজের পাতা ফাঁদে নিজেই কীভাবে জড়িয়ে পড়লেন তা সংক্ষেপে আলোচনা করো।

(গ) "সতী বড় বেশি সাধ্বী – প্রসন্নর প্রেরণার একরূপ।" – প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) 'সুবর্ণলতা' উপন্যাসে নায়িকার স্বামীদের চার ভাইয়ের চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) আশা চরিত্রটি কোন রচনার অন্তর্গত ? রচনায় চরিত্রটির প্রাসঙ্গিকতা কোথায় ?

(চ) নিম্নলিখিত চরিত্রগুলি কোন রচনার অন্তর্গতঃ
হরিসাধন, উমাশশী, দর্পণ সিং, কালীকৃষ্ণ, হরিদাসী, মালবিকা।

৩। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'সুবর্ণলতা' উপন্যাস অবলম্বনে তৎকালীন সমাজে নারীর অবস্থানের পরিচয় দাও।

(খ) 'চরণদাস এম. এল. এ' গল্পে চরণদাস চরিত্রটির মধ্য দিয়ে সমকালীন রাজনৈতিক চিত্র লেখক যেভাবে ফুটিয়ে তুলেছেন, তা নিজের ভাষায় লেখো।

(গ) 'সওদাগরের নৌকা' নাটকের নায়ক চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করো।

(ঘ) 'সুবর্ণলতা' উপন্যাসে শাশুড়ি-বৌমার মধ্য দিয়ে চিত্রিত দুই বিপরীত মানসিকতার দ্বন্দ্ব-সংঘাতের পরিচয় দাও।

——×——



Maynaguri College Library